

বহু রোদনের পরে, হরিচাঁদ বলে তারে,  
 “শোন্ যুক্তি মুক্তির বিধান।  
 ব্রজনাথ পদানত, হ'য়ে খা চরণামৃত,  
 কনিষ্ঠকে জ্যেষ্ঠ করি মান।।”  
 যেই মাত্র করে তাই, আর তার ব্যাধি নাই,  
 সবে করে জয় জয় ধ্বনি।  
 রোগেতে হইয়া মুক্ত, সে হ'ল প্রভুর ভক্ত,  
 ব্যক্ত হ'ল অমনি অবনী।।  
 ত্যজিয়া গোলোকপুরী, ওড়াকান্দী এল হরি,  
 অদ্বৈত গোলোক হৃৎকারে।  
 সুকবি তারকচন্দ্র, বলে “প্রভু হরিশ্চন্দ্র  
 উর মম হৃদয় গহুরে”।।



### সফল স্বপ্ন

যশোবন্ত বিভা কৈল চৌধুরীর কন্যা।  
 শ্রীরামপ্রসাদ ঘরে নাম অন্নপূর্ণা।।  
 তারাইল নামে থামে মধুমণী তীরে।  
 সে রামপ্রসাদ তথা বসবাস করে।।  
 কালক্রমে কেহ কেহ ওড়াকান্দী এল।  
 যশোবন্ত সঙ্গে সদা সম্প্রীতি রাখিল।।  
 ঠাকুর চৌধুরী বংশে পরম পীরিতি।  
 শ্রীহরি কারও ভ্রাতা কারো হ'ন নাতি।।  
 এই বংশে রামচাঁদ চৌধুরী সূজন।  
 শ্রীহরির সঙ্গে তাঁর প্রাণের মিলন।।  
 যাতায়াত করে প্রভু সদা সেই বাড়ী।  
 রামচাঁদ সঙ্গে প্রেম গাঢ় হ'ল ভারী।।  
 মনোগত কথা প্রভু বলে তাঁর সঙ্গে।  
 রামচাঁদ ভাসে হরি-প্রেমের তরঙ্গে।।  
 প্রভু-পিতা যশোবন্ত লোকান্তরে গেলে।  
 কৃষ্ণদাস আঞ্জামতে ভাই সবে চলে।।

নিজ ভাবে চলে প্রভু অন্তরঙ্গ সনে।  
 নিজ গৃহে থাকে কড়ু পরস্বে কখনে।।  
 সংসারের লেনদেন লগ্নী কারবার।  
 সমস্ত বুঝিয়া করে জ্যেষ্ঠ সহোদর।।  
 এইভাবে কতদিন গত হ'য়ে যায়।  
 জমিদার সঙ্গে বাদ বাধে যে সময়।।  
 তাহার কিঞ্চিৎ পূর্বের প্রভু একদিন।  
 নিশা শেষে দেখে স্বপ্ন অপূর্ব অচিন।।  
 সফলানগরী হ'তে যেন পঞ্চ ভাই।।  
 যত কিছু সম্পদাদি সঙ্গে নিয়ে তাই।।  
 মকরের পৃষ্ঠে চড়ি, ওড়াকান্দী এসে।  
 উঠিলেন চৌধুরীর বাড়ী পরে শেষে।।  
 নিদ্রাভঙ্গে মহাপ্রভু ত্বরাকরি যায়।  
 রামচাঁদ চৌধুরীকে এ স্বপ্ন জানায়।।  
 হাসিয়া চৌধুরী বলে “দৃশ্য বড় ভাল।  
 মকর বাহিনী দেবী, দেব কবে হ'ল?”  
 মহাপ্রভু বলে “দাদা কথা তুচ্ছ নয়।  
 মকর বাহনে দেব নিরঞ্জন হয়।।  
 যেহোক্ সেহোক্ তাতে মোর কার্য্য নাই।  
 আমার মনের কথা বলি তব ঠাই।।  
 সংসারের সমাচার কিছু নাহি রাখি।  
 ‘যাহা করে বড় কর্ত্তা’ ভেবে বসে থাকি।।  
 কিছু কিছু বটে আমি জানিয়াছি কথা।  
 জমিদার সঙ্গে বাদ না হবে অন্যথা।।  
 দুরন্ত পাপিষ্ঠ বটে সেই জমিদার।  
 ব্যভিচারী, মিথ্যাবাদী করে অনাচার।।  
 কিছু পূর্বে টাকা লাগি পড়েছিল ঠেকা।  
 বড় কর্ত্তা দিল ধার সাত শত টাকা।।  
 কথা মত পরিশোধ আজো করে নাই।।  
 তার লাগি রুস্ত বটে মম জ্যেষ্ঠ ভাই।।  
 এসব স্মরণ করি এই হয় মনে।  
 স্বপ্ন সফল যেন হবে অল্প দিনে”।।